

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুদ্ধ]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই আষাঢ়, ১৪০৫/ ২রা জুলাই, ১৯৯৮

এস,আর,ও, নং-১৪৪-আইন/৯৮/১৯০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৪-আইন/৯৬/১৩৬-মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ এর কলাম (১) এ-

(১) শিরনামা সংখ্যা ৩৪.০১ এবং উহার বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(২) শিরনামা সংখ্যা ৮৫.৩৯ এবং উহার বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ যথাক্রমে কলাম (১), (২) ও (৩) এ সন্নিবেশিত হইবে, যথাঃ-

“ ৮৭.০৩	সংশ্লিষ্ট সকল এইচ,এস,কোড	মোটর চালিত ত্রি-চক্রযান (অটোরিক্সা),
৮৭.১১		সম্পূর্ণ তৈরী ও বিযুক্ত অবস্থায় ”

২। এই প্রজ্ঞাপন ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ মোতাবেক ১১ই জুন, ১৯৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত

[মোঃ মাহবুবুর রহমান]

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)